পবিত্র রমজানে নরসিংদীর বিভিন্ন বাজার মনিটরিং চলমান থাকবে

নরসিংদী- পবিত্র রমজান মাসে ভূক্তা অধিকার সংরক্ষণে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ কল্পে নরসিংদী বাজার মনিটরিং করেছেন নরসিংদীর জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মাদ রাশেদ হোসেন চৌধুরী।

পহেলা রমজান রবিবার (২ মার্চ) নরসিংদী বাজার মনিটরিংকালে জেলা প্রশাসকের সাথে ছিলেন নরসিংদী পুলিশ সুপার মোঃ আব্দুল হান্নান,নিরাপদ খাদ্য অফিসার ফার্জিয়া হক, নরসিংদী প্রেস ক্লাবের সভাপতি মোঃ নূরুল ইসলাম, নরসিংদী বাজার বণিক সমিতির সভাপতি বাবুল সরকার ও সমিতির অন্যান্য সদস্যবৃন্দ, জেলা প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।
২৫ ফেব্রুয়ারির এক সভায় রমজানে বাজার মনিটরিং করার সিদ্ধান্ত হয়। মনিটরিং সেল গঠন করা হয় সংশ্লিষ্টদের নিয়ে। বাজার বণিক সমিতির সভাপতি সহ সমিতির অন্যান্য কর্মকর্তারাও ছিলেন।
বাজার মনিটরিং এর অংশ হিসেবে আজকে আমরা এসেছি। প্রতিদিন বিভিন্ন বাজারে মনিটরিং চলমান থাকবে।
বাজারে সাধারণ মানুষ দৈনিক কেনাকাটা এবং রমজানের কেনাকাটা করবে। তাই আমরা চাই সবসময়ই বাজারে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে থাকবে । পাইকারী ও খুচরা বিক্রেতা যারা আছেন,তাদের প্রতি আমাদের ম্যাসেজ হলোঃ বাজারে যেন দ্রব্যমূল্য সবসময় স্থিতিশীল থাকে।
সকল ব্যবসায়ী নয়, কিছু কিছু ব্যবসায়ী আছেন যারা রমজানে অধিক মুনাফা অর্জন করতে চায়। আমরা সবাই ধর্মপ্রাণ মানুষ, বিশেষ করে মুসলমানরা অনেক জনগোষ্ঠী । আমরা চাই সধারণ মানুষ যেন স্বস্তিতে রোজা-রমজান ও ঈদ উদযাপন করতে পারে।

এজন্য আমরা বাজারে ব্যবসায়ীদের জানাতে আসছি যে, তোমরা অধিক মুনাফা করো না।
আমরা কাউকে শাস্তি দিতে বা জরিমানা করতে চাই না।
আমরা চিড়া-মুড়িসহ বিভিন্ন মালামালের সেম্পল নিয়েছি। এগুলো পরীক্ষা করা হবে। কোন অনিয়ম বা ভেজাল থাকলে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

রাস্তায় চলাচলে সাধারণ মানুষের কোনো বিঘ্ন ঘটিয়ে কেউ দোকান বসাবেন না।
পুলিশ সুপার মোঃ আব্দুল হান্নান বলেন রমজানে মাসব্যাপী আমরা বিশেষ নিরাপত্তার ব্যবস্থা নিয়েছি। সবসময় বাজার রাস্তাঘাট নিরাপত্তার জালে পরিরবেষ্ঠিত থাকবে।

হলধর দাস